# Directorate of Research & Extension System (DRES)
# গবেষণা ও সম্প্রসারণ অধিদপ্তর
## Bangladesh University of Textiles (BUTEX)
Tejgaon, Dhaka-1208.

O/C

Memo: BUTEX/2019/RnE/010 Date: ১৬/০১/২০২০

বিভাগীয় প্রধান
(ইয়ার্ন ইঞ্জি./ফেব্রিক ইঞ্জি./ওয়েট প্রসেস/এপারেল ইঞ্জি./টেক্সটাইল ইঞ্জি. ম্যানেজমেন্ট/টেক্সটাইল ফ্যাশন/আইপিই/ডাইজ এন্ড কেমিক্যাল/মেশিন ডিজাইন এন্ড মেইন্টিনেন্স/এনভায়রনমেন্টাল সাইন্স এন্ড ইঞ্জি./পদার্থ/রসায়ন/ গনিত ও পরিসংখ্যান / হিউমেনিটিস বিভাগ),
বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮।

বিষয়ঃ বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের বিভিন্ন বিষয়, মান ও স্তর ভিত্তিক গবেষণা জার্নালের তালিকা প্রসঙ্গে।

সূত্রঃ বিগত ০৮/০১/২০২০ তারিখে ইউজিসি-এর রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন হতে গবেষণা নীতিমালা সংক্রান্ত সংযুক্ত পত্র।

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের সম্মানিত বিভাগীয় প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)-এর রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন হতে ই-মেইলের মাধ্যমে প্রাপ্ত সংযুক্ত পত্র মারফৎ জানা যায় যে সম্প্রতি ইউজিসি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের গবেষণামূলক কর্মকান্ডকে উৎসাহিত করার লক্ষ্যে বিদ্যমান নীতিমালাকে আরো সময়োপযোগী, যর্থাথ ও গবেষণা সহায়ক করার লক্ষ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ শিক্ষকের সমন্বয়ে কাজ করছেন। উক্ত কমিটি গবেষণা সংশ্লিষ্ট বেশ কিছু প্রস্তাবনা নীতিমালায় অন্তর্ভুক্ত করার সুপারিশ (কপি সংযুক্ত) করেছেন। এছাড়া শিক্ষকদের গবেষণালব্ধ ফলাফল দেশি-বিদেশি খ্যাতনামা জার্নালে প্রকাশিত হলে তাঁদেরকে প্রণোদনা প্রদানে সহায়তা দেওয়ার উদ্দেশ্যে সম্ভাব্য জার্নালের বিষয়ভিত্তিক ডেটাবেজ প্রস্তুতের লক্ষ্যে বিভিন্ন বিষয় ও মানের ক্রমানুসারে তিন স্তরে ক্যাটাগরি ভিত্তিক জার্নালের তালিকা আহ্বান করেছে।

অতএব, আপনার বিভাগের সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের, মান ও তিন স্তর ক্যাটাগরি ভিত্তিক সম্ভাব্য গবেষণা জার্নালের তালিকা হতে প্রতিটি স্তরে অন্ততপক্ষে ১০টি শীর্ষস্থানীয় জার্নালের তালিকা আগামী ০২/০২/২০২০ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রদানের জন্য অনুরোধ করা হল। এছাড়ও ইউজিসি প্রস্তাবিত গবেষণা সংশ্লিষ্ট নীতিমালায় আরও কোন বিষয় সংযোজনের প্রয়োজন থাকলে সে ব্যাপারেও আপনার সুচিন্তিত মতামত প্রদান করতে পারবেন।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে-

16/01/2020

(অধ্যাপক ড. উম্মুল খায়ের ফাতেমা)
পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) বাটেবি।

16/1/2020

বিতরনঃ
১। সকল ডিন, বাটেবি।.
২। রেজিস্ট্রার, বাটেবি।
৩। সেকশন অফিসার, ভিসি অফিস (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বাটেবি।
৩। সংশ্লিষ্ট নথি, বাটেবি।

16-1-20

24/1/2020

Scanned with CamScanner

Scanned with CamScanner

Government of the People's Republic of Bangladesh
**University Grants Commission of Bangladesh**
UGC Bhaban, Plot # E-18/A, Agargaon Administrative Area
Sher-E-Bangla Nagar, Dhaka-1207, Bangladesh
Phone : +88-02-58160101, Fax : +88-02-58160202
E-mail : sazzad_member@ugc.gov.bd
Web : www.ugc.gov.bd ; www.sazzad.org

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

**Professor Dr. Md. Sazzad Hossain**
**M.Sc & Ph.D (Portland State University, USA)**
**Member**

তারিখ: ৮ জানুয়ারি, ২০২০ খ্রিঃ

প্রিয় মহোদয়,

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)-এর রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের গবেষণামূলক কর্মকাণ্ডে উৎসাহিত করার লক্ষ্যে প্রতিবছর বিভিন্ন প্রকার আর্থিক সহায়তা প্রদান করে আসছে। এক্ষেত্রে বিদ্যমান নীতিমালাকে আরো সময়োপযোগী, যথার্থ ও গবেষণা সহায়ক করার লক্ষ্যে ইউজিসি'র বর্তমান কর্তৃপক্ষ উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ শিক্ষকের সমন্বয়ে গঠিত একটি কমিটি কাজ করছে। উক্ত কমিটি কর্তৃক গবেষণা সংশ্লিষ্ট ১১টি প্রস্তাবনা নীতিমালায় অন্তর্ভুক্ত করার সুপারিশ (কপি সংযুক্ত) করা হয়।

২। এছাড়া শিক্ষকদের গবেষণালব্ধ ফলাফল দেশি-বিদেশি খ্যাতনামা জার্নালে প্রকাশিত হলে তাঁদেরকে প্রণোদনা দেওয়া সমীচীন বলে ইউজিসি মনে করে। এ জার্নালসমূহকে মানের ক্রমানুসারে তিন স্তরে ক্যাটাগরিভিত্তিক করা যেতে পারে। প্রতিটি স্তরে বিষয়ভিত্তিক অন্ততপক্ষে ১০টি শীর্ষস্থানীয় জার্নালের তালিকা প্রস্তুত করা গেলে তা প্রণোদনা প্রদানের ক্ষেত্রে সহায়ক হবে।

৩। গবেষণা সংশ্লিষ্ট ১১টি প্রস্তাবনাসহ আরো কোনো সংযোজনের থাকলে সে বিষয়ে আপনার সুচিন্তিত মতামত এবং ওপরে বর্ণিতভাবে জার্নালের তালিকা প্রস্তুতকরণে আপনার প্রত্যক্ষ সহযোগিতা একান্ত প্রয়োজন।

৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ ৩ অনুযায়ী মতামত ও তালিকা ১৫ ফেব্রুয়ারি ২০২০-এর মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

শুভেচ্ছান্তে

Sazzad

প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন
সদস্য, ইউজিসি
ও
আহবায়ক, গবেষণা নীতিমালা প্রণয়ন কমিটি।

প্রফেসর ড. মোঃ ছাদেকুল আরেফিন
উপাচার্য
বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।

Scanned with CamScanner

Scanned with CamScanner

প্রস্তাবণাসমূহঃ-

১। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থায়নে সম্পাদিত রিসার্চ প্রজেক্ট এর ফলাফল ইন্টারন্যাশনাল রেপুটেড জার্নালে প্রকাশের জন্য প্রনোদনা প্রদান করা যেতে পারে ।

২। আউটকাম বেইজড রিসার্চ প্রজেক্টের প্রতি গুরুত্বারোপ।

৩। ন্যাশনাল এবং ইন্টারন্যাশনাল কোলাবোরেশন রিসার্চ এর জন্য অনুদান প্রদান।

৪। ইউনিভার্সিটি ইন্ডাস্ট্রি রিসার্চ কোলাবোরেশন ।

৫। প্রকাশিত গবেষণা বাজারজাতকরণ প্রক্রিয়া।

৬। গবেষণালব্ধ ফলাফলের প্যাটেন্টের জন্য প্রণোদনা প্রদান।

৭। উদ্ভাবণীমূলক গবেষণার জন্য অনুদান প্রদান।

৮। গবেষণার জন্য লাইফটাইম এ্যাচিভমেন্ট সম্মাননা প্রদান।

৯। জাতীয় স্বার্থ ও সমস্যা চিহ্নিত করে তা সমাধানকল্পে গৃহীত প্রকল্পে অগ্রাধিকার ভিত্তিতে প্রণোদনা প্রদান।

১০। ইউজিসির অর্থায়নে সমাপ্ত প্রকল্পের মধ্য থেকে সেরা প্রকল্প নির্বাচন করে পুরস্কারের ব্যবস্থা করা।

১১। প্রাতিষ্ঠানিক গবেষণা প্রকল্পে অনুদান প্রদান।

Scanned with CamScanner

Scanned with CamScanner